গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর
www.meherpursadar.meherpur.gov.bd

## জানুয়ারি/ ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : আসাদুজ্জামান রিপন, উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর
সভার স্থান উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
সভার তারিখ : ১০.০১.২০২২খ্রি., সময়: বেলা ১০.৩০ ঘটিকা
উপস্থিতি ও অনুপস্থিত : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভার শুরুতে বিগত ২৭.১২.২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.০০। **উপজেলার সার্বিক চোরাচালান প্রতিরোধ পরিস্থিতি সম্পর্কে আলোচনা:**

উপজেলার সার্বিক চোরাচালান প্রতিরোধ পরিস্থিতি সম্পর্কে আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে চোরাচালান প্রতিরোধ পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রয়েছে। সীমান্তবর্তী ২টি ইউনিয়নে ডিসেম্বর/২০২১ মাসের সভা অনুষ্ঠিত হয়েছে। কুতুবপুর ইউপিতে ২৮.১২.২০২১ খ্রি. এবং বুড়িপোতা ইউপিতে ৩০.১২.২০২১ খ্রি. তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।

কোম্পানী কমান্ডার, বুড়িপোতা বিওপি হতে ডিসেম্বর/২০২১ মাসের প্রতিবেদন নিম্নরুপ:

| বিওপি এর নাম | আটককৃত মালামালের নাম | অন্তর্মুখী মূল্য | বহির্মুখী | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মোট সিজার সংখ্যা | মোট সিজার মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| বুড়িপোতা (ঝাঝা) | সিমান্তে ০২(দুই) ব্যক্তিকে আটক করা হয়েছে। | ১,১৭,০০০/- | - | ০২ | ০২ | ০২ | ১,০৩,০০০/- |

সিদ্ধান্ত: কোম্পানী কমান্ডারগণকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীসহ রাসায়নিক সার, ডিজেল ও ভোজ্য তেল, চামড়াসহ অন্যান্য দ্রব্যাদি ও সর্বোপরি মানব পাচার যাতে কোন ভাবেই না হয় সে বিষয়ে বিজিবি এবং পুলিশ বাহিনীর সদস্যদের সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। মাদকদ্রব্য ও আগ্নেয়াস্ত্র যাতে কোন উপায়ে পবেশ না করে সেদিকেও সজাগ দৃষ্টি রাখতে হবে।

৩.০০। করিডোর:

বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মেহেরপুর এর প্রতিনিধি সভায় অনুপস্থিত। তবে প্রতিবেদন দৃষ্টে দেখা যায়, বিবেচ্য মাসে কোন করিডোর হয়নি।

সিদ্ধান্ত: প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে করিডোর সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ সহ নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

৪.০০। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিভাগ:

সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর কর্তৃক প্রেরিত ডিসেম্বর/২০২১ মাসের প্রতিবেদন নিম্নরূপ:

| আটককারী সংস্থার নাম | পরিচালিত অভিযানের সংখ্যা | মামলা সংখ্যা | গ্রেফতারকৃত আসামীর সংখ্যা | আটককৃত মালামাল | আটককৃত পণ্যের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর | ৫৬ টি | ০৯ টি | ০২ জন | গাঁজা- ১৫০ গ্রাম<br>হেরোইন- ৭ গ্রাম<br>স্পিরিট ৯০০ লিঃ | ২,২৭০০০/- | - |

সিদ্ধান্ত: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর এর কর্মতৎপরতা আরও বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়।

৫.০০। **মেহেরপুর থানা:**

বিবেচ্য মাসে অফিসার ইনচার্জ ,মেহেরপুর সদর থানা থেকে প্রাপ্ত অপরাধ চিত্র নিম্নরূপ :

| মাসের নাম | খুন | ডাকাতি | দস্যুতা | অপহরণ | অস্ত্র আইন | চুরি | মাদক | চোরাচালান | নারী ও শিশু | অন্যান্য | মোট | গ্রেফতার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ডিসেম্বর/ ২০২১ | - | - | - | - | - | ৪ | ২২ | - | ০২ | ১৩ | ৪১ | ৪৯ |

উপরের ছক দেখা যায় [illegible]ম্বর/ ২০২১ মাসের তুলনায় ডিসেম্বর/২০২১ [illegible]রকৃত আসামীর সংখ্যা বেশি।

সিদ্ধান্ত: অফিসার ইনচার্জ ,মেহেরপুর সদর থানাকে অপরাধ দমনে আরও তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হয়।

[illegible]। (ক) মেহেরপুর শহর এলাকা থেকে টিনেইজার ছেলেরা [illegible] মোটর-সাইকেলে ০৩ জন করে সীমান্ত এলাকায় গিয়ে মাদক [illegible] জড়িয়ে পড়ছে। ড্রাইভিং লাইসেন্স ছাড়াই বেপরোয়া চলাফেরা করছে যাতে করে দূর্ঘটনা বাড়ছে। অপরাধ দমনে টহল বৃদ্ধির জন্য বিজিবি জোয়ানদের অনুরোধ করা হয়।

(খ) সীমান্ত এলাকায় কোন অপরিচিত বা সন্দেহভাজন লোক আনাগোনা করতে দেখা গেলে তা আইন-শৃংখলা বাহিনী/বিজিবিকে জানানোর জন্য অনুরোধ করা হয়। বিশেষ করে উন্মাদ প্রকৃতির লোক যাতে এদেশে অনুপ্রবেশ করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য বিজিবিকে অনুরোধ করা হয়।

(গ) সীমান্তে টহল বৃদ্ধির লক্ষ্যে সীমান্ত এলাকার জিরো পয়েন্টে পায়ে চলা মাটির রাস্তা তৈরির জন্য বিওপি কমান্ডারগণ সভায় প্রস্তাব রাখেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

(ঘ) সীমান্ত এলাকায় ৫ ফুট উঁচু জাতের ফসল যেমন, পাট, ভুট্টা, কলা আবাদ না করার জন্য চাষীদের উদ্বুদ্ধকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ মেম্বরগণকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১.০১.2022

(আসাদুজ্জামান রিপন)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর
ও
সভাপতি
উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটি
ই-মেইল নং-unomeherpur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫৭৮৭.০০০.১০.০৫৭.২০২১- ১৩৩

তারিখ: ১৭ মাঘ ১৪২৮ / ৩১ জানুয়ারি ২০২২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
০১। কমিশনার, খুলনা বিভাগ খুলনা
০২। যুগ্ম সচিব (সীমান্ত), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, মেহেরপুর
০৪। সেক্টর কমান্ডার, ৪৭-বিজিবি ব্যাটালিয়ন মিরপুর, কুষ্টিয়া/৬-বিজিবি ব্যাটালিয়ন, চুয়াডাঙ্গা
০৫। পুলিশ সুপার, মেহেরপুর
০৬। অফিসার ইন-চার্জ, মেহেরপুর সদর থানা

৩১.০১.2022

(আসাদুজ্জামান রিপন)
উপজেলা নির্বাহী অফিসার
মেহেরপুর সদর
ও
সভাপতি
উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটি
মেহেরপুর সদর

উপস্থিতি পরিশিষ্ট "ক"

| ক্রং নং | সদস্যের পদবী | উপস্থিত/প্রতিনিধি | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, কুতুবপুর ইউপি | উপস্থিত | স্বাক্ষর | |
| ০২ | চেয়ারম্যান, বুড়িপোতা ইউপি | উপস্থিত | স্বাক্ষর | |
| ০৩ | অধ্যক্ষ, মেহেরপুর সরকারি কলেজ | উপস্থিত (প্রতিনিধি) | স্বাক্ষর | |
| ০৪ | অফিসার ইনচার্জ , মেহেরপুর থানা | উপস্থিত. | স্বাক্ষর | |
| ০৫ | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইস ও ভ্যাট বিভাগ, মেহেরপুর | অনুপস্থিত (প্রতিনিধি) | - | |
| ০৬ | পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর | উপস্থিত (প্রতিনিধি) | স্বাক্ষর | |
| ০৭ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মেহেরপুর সদর | উপস্থিত | স্বাক্ষর | |
| ০৮ | প্রধান শিক্ষক, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় | উপস্থিত | স্বাক্ষর | |
| ০৯ | কোম্পানী কমান্ডার, বুড়িপোতা, কোম্পানী সদর | উপস্থিত | স্বাক্ষর | |
| ১০ | [illegible] | উপস্থিত | স্বাক্ষর | |
| ১১ | সাধারণ সম্পাদক, শিল্প ও বাণিজ্য [illegible], মেহেরপুর | উপস্থিত | [illegible] | |